# কৃষি ভার্সিটি বন্ধে সরকার জড়িত নন: খুলতে বলা হয়েছে

## শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান শনিবার ঢাকায় বলেন, পরিস্থিতি অনুকূল হলে ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় অবিলম্বে খুলবার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সরকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ করেছেন।

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বাসসকে জানান, দুই দল ছাত্রের মধ্যে প্রচন্ড সংঘর্ষের পর শুক্রবার বিশ্ববিদ্যালয় বন্ধ করার ব্যাপারে সরকার কোনভাবে জড়িত নন।

তিনি বলেন, আইন-শৃংখলা রক্ষা এবং নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যেই শুক্রবার দু-দল ছাত্রের মধ্যে সংঘর্ষ নিয়ন্ত্রণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় বন্ধের সিদ্ধান্ত নিয়েছেন। কোন কোন সংবাদ

(৫-এর পৃঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

পত্রের খবরে জানা যায়, বিবদমান দুই দল ছাত্রের মধ্যে একটি দল হচ্ছে শিবির এবং অপর দল হচ্ছে ছাত্র সংগ্রাম পরিষদ।

শিক্ষামন্ত্রী উল্লেখ করেন, শুক্রবার বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ছাত্র বিষয়ক উপদেষ্টা, প্রোক্টর, প্রবীণ শিক্ষক, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, অনুষদের ডীন এবং সিন্ডিকেটের যেসব সদস্য ছিলেন তাঁদের সঙ্গে আলোচনা করে বিশ্ববিদ্যালয় বন্ধের সিদ্ধান্ত নিয়েছেন।

জনাব মাহবুবুর রহমান বলেন, এ খবর পেয়ে তিনি পরিস্থিতি অনুকূল যদি থাকে, তবে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে ভাইস-চ্যান্সেলরকে অনুরোধ করেছেন।

শিক্ষামন্ত্রী বলেন, শনিবার সকালে ভাইস-চ্যান্সেলর তাঁকে জানান, শিক্ষাঙ্গনের পরিস্থিতির এত আকস্মিক অবনতি ঘটে যায় যে বন্ধ ঘোষণার আগে সরকারের সঙ্গে যোগাযোগের কোন সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের হাতে ছিল না।

তিনি জানান, শিক্ষাঙ্গনের বিরাজমান পরিস্থিতি বিবেচনা করে শান্তি রক্ষা, অনুকূল পরিবেশ তথা ছাত্রছাত্রীদের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে আশ্বাস দিয়েছেন।

# কৃষি বিশ্ববিদ্যালয় পরিস্থিতি

(নিজস্ব সংবাদদাতা)

ময়মনসিংহ ১৩ই ফেব্রুয়ারী।—কৃষি বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধের ঘোষণা প্রত্যাহারের দাবীতে আজ ভার্সিটি ছাত্রছাত্রীরা বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচী পালন করেছে।

শুক্রবার ছাত্র সংঘর্ষের জের

(৫-এর পৃঃ দ্রঃ)

## কৃষি বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃঃ পর)

হিসেবে কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা এবং আবাসিক ছাত্রছাত্রীদের রাত ৯টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়া হয়। হলে অবস্থানরত ছাত্রছাত্রীরা আকস্মিকভাবে বিশ্ববিদ্যালয় বন্ধ করায় ক্ষুব্ধ হয়। তারা হল ত্যাগে অস্বীকৃতি জানায় এবং বিশ্ববিদ্যালয় বন্ধের আদেশ প্রত্যাহারের দাবীতে শুক্রবার রাত ১টা পর্যন্ত ভাইস চ্যান্সেলরের বাসভবনের সামনে অবস্থান করে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অনতিবিলম্বে বিশ্ববিদ্যালয় পুনরায় খুলে দেওয়ার প্রতিশ্রুতি দিলে ভিসির বাসভবনে অবস্থান কর্মসূচী ছাত্ররা প্রত্যাহার করে নেয়।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের একটি সূত্র জানিয়েছে, কৃষি বিশ্ববিদ্যালয় পুনরায় খোলার ব্যাপারে সোমবার উচ্চ পর্যায়ের সভা আহবান করা হয়েছে।

### কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডক্টর ম আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী কৃষি বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণার ক্ষোভ প্রকাশ করে অবিলম্বে এই বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়েছেন।

### ২২টি ছাত্র সংগঠন

২২টি ছাত্র সংগঠন এক বিবৃতিতে কৃষি বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণায় ক্ষোভ প্রকাশ করেছে।

### জামাতের অভিযোগ

জামায়াতে ইসলামীর ভারপ্রাপ্ত আমীর আব্বাস আলী খান এক বিবৃতিতে অভিযোগ করেছেন, বিনা উস্কানীতে বহিরাগত সশস্ত্র ব্যক্তিদের সহযোগিতায় কৃষি বিশ্ববিদ্যালয়ে ইসলামী ছাত্র শিবির কর্মীদের ওপর হামলা চালিয়ে ১২ জন শিবির কর্মীকে আহত করা হয়েছে। তিনি কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ ফিরিয়ে [illegible] দাবী জানান।